

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.০৪.০০১.২১.১৭

তারিখ: ১১ মাঘ ১৪২৭

২৫ জানুয়ারি ২০২১

বিষয়: কনটেম্পট পিটিশন নং-৩৫৩/২০২০ (রিট পিটিশন নং-৬৬০৭/২০০৯ হতে উদ্ভূত) মামলা
পরিচালনা প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আলহাজ্ব সাইদুর রহমান মন্টু মহিলা কলেজ, খোকসা, কুষ্টিয়ার প্রভাষক, ভূগোল (ইনডেক্স নং-৩০১০৭৮৭) স্থগিতকৃত বকেয়া বেতন ভাতার সরকারি অংশ (০১.০১.২০০৭ থেকে ৩০.০৪.২০১৩) না পাওয়ায় তিনি মহামান্য হাইকোর্টে (রিট পিটিশন নং-৩৫৩/২০২০) মামলা দায়ের করে। মহামান্য হাইকোর্ট রিট পিটিশন নং-৬৬০৭/২০০৯ মামলার রায় বাস্তবায়ন না হওয়ায় তিনি সংক্ষুব্ধ হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-৩৫৩/২০২০ দায়ের করেন। এ কনটেম্পট মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-কে ১নং বিবাদী করা হয়েছে।

০২। যেহেতু কনটেম্পট পিটিশন নং-৩৫৩/২০২০ (রিট পিটিশন নং-৬৬০৭/২০০৯ হতে উদ্ভূত) মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-কে বিবাদী করা হয়েছে সেহেতু সচিব মহোদয়ের পক্ষ থেকে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(ক) কনটেম্পট পিটিশন নং-৩৫৩/২০২০ (রিট পিটিশন নং-৬৬০৭/২০০৯ হতে উদ্ভূত) মামলাটি সরকার পক্ষে পরিচালনার জন্য সলিসিটর উইং এর সাথে যোগাযোগপূর্বক একজন বিজ্ঞ কৌশলি নিয়োগ করা।

(খ) উক্ত মামলার বিষয়ে ওকালতনামা ও অথরাইজেশন লেটার সচিব মহোদয়ের স্বাক্ষরের নিমিত্ত প্রেরণের ব্যবস্থা গ্রহণ।

(গ) কনটেম্পট মামলার জবাব ইতোমধ্যে প্রদান করা না হয়ে থাকলে সংশ্লিষ্ট আদালতে সময় বৃদ্ধির আবেদন করা।

(ঘ) কনটেম্পট মামলার দফাওয়ারী জবাব প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সরকার পক্ষে নিয়োজিত বিজ্ঞ কৌশলির নিকট প্রেরণ করা।

(ঙ) উক্ত মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে মন্ত্রণালয়কে অবহিতকরণ।

২৫-১-২০২১

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.০৪.০০১.২১.১৭/১(৪)

তারিখ: ১১ মাঘ ১৪২৭
২৫ জানুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২৫-১-২০২১

মোঃ সেলিম সিকদার
সহকারী সচিব